ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

ঢাকা বিশ্ববিদ্যালয়

৩২ বর্ষ ৫ম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১ চৈত্র ১৪২৪, ১৫ মার্চ ২০১৮

বঙ্গবন্ধুর ৯৯তম জন্মদিবস উপলক্ষে ঢাবি'র কর্মসূচী

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিবস এবং জাতীয় শিশু দিবস আগামী ১৭ মার্চ ২০১৮ উদ্‌যাপিত হবে। এ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিস্তারিত কর্মসূচী গ্রহণ করেছে।

কর্মসূচী অনুযায়ী প্রো-উপাচার্য, কোষাধ্যক্ষ, সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, ডিন, প্রাধ্যক্ষ, প্রক্টর, ওয়ার্ডেন, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক ও অফিস প্রধানবৃন্দ উপাচার্য ভবনে জমায়েত হয়ে সেখান থেকে ঐদিন সকাল ৭:০০টায় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে গিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবেন। সকাল ১০:৩০টায় উপাচার্যের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় এবারের প্রতিপাদ্য হলো "বঙ্গবন্ধুর জন্মদিন : রঙ ছড়ানো আলো, লাল-সবুজের বাংলাদেশে থাকবে শিশু ভালো"।

বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদসহ আবাসিক হল/হোস্টেলসমূহের মসজিদ/ (২য় পৃষ্ঠায় দেখুন)

গত ১ মার্চ ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় ড. মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অধ্যাপক ড. হারুন-অর-রশিদ প্রণীত "৭ মার্চের ভাষণ কেন বিশ্ব-ঐতিহ্য সম্পদ : বঙ্গবন্ধু মুক্তিযুদ্ধ বাংলাদেশ" শীর্ষক গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এবং মূখ্য বক্তা ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বইয়ের ওপর আলোচনায় অংশগ্রহণ করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান প্রমুখ। গ্রন্থটি প্রকাশ করেছে বাংলা একাডেমি।

ঢাবি-এ ঐতিহাসিক 'পতাকা উত্তোলন দিবস' পালিত

যে জাতি নিজের ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল নয়, সে জাতি সভ্য জাতি নয়-উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঐতিহাসিক 'পতাকা উত্তোলন দিবস' উদ্‌যাপন করা হয়েছে। এ উপলক্ষে গত ২ মার্চ ২০১৮ বিশ্ববিদ্যালয় কলা ভবন সংলগ্ন বটতলা প্রাঙ্গণে জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগ ও নৃত্যকলা বিভাগের শিক্ষার্থীদের পরিবেশনায় জাতীয় সংগীত পরিবেশিত হয়।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। স্বাগত বক্তব্য প্রদান করেন অনুষ্ঠানের সমন্বয়ক ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। আরও উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষকবৃন্দ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান প্রমুখ। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের বিপুল সংখ্যক শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর।

জাতীয় পতাকা উত্তোলন শেষে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, স্বাধীনতার এই মাসটির জন্ম দিয়েছেন জাতির পিতা বঙ্গবন্ধু (২য় পৃষ্ঠায় দেখুন)

বাংলাদেশের ভাষা পরিস্থিতি নিয়ে পূর্ণাঙ্গ জরিপ দরকার-উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বাংলাদেশের বিভিন্ন ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক গোষ্ঠীর ভাষা পরিস্থিতি নিয়ে জরিপ চালানোর ওপর গুরুত্বারোপ করে বলেছেন, এ ক্ষেত্রে ভাষাবিজ্ঞান বিভাগকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। মহান একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গত ২৬ ফেব্রুয়ারি ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগ আয়োজিত দিনব্যাপী আন্তর্জাতিক সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস-এর এমিরিটাস অধ্যাপক ড. রফিকুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য দেন ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার রহমান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বাংলাদেশে বিভিন্ন ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক গোষ্ঠীর বসবাস। যথাযথ পরিচর্যার অভাবে অনেক নৃ-তাত্ত্বিক গোষ্ঠীর ভাষা আজ বিলুপ্তির পথে। এসব ভাষা সংরক্ষণের ওপর তিনি গুরুত্বারোপ করেন। উপাচার্য বলেন, ২০২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার শতবর্ষ পূর্তি হবে। এর আগেই বাংলাদেশে ভাষা পরিস্থিতি নিয়ে পূর্ণাঙ্গ জরিপ রিপোর্ট প্রকাশের জন্য তিনি ভাষাবিজ্ঞান বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, দিনব্যাপী সেমিনারে দু'টি পর্বে দেশ-বিদেশের ৫জন ভাষা বিশেষজ্ঞ প্রবন্ধ উপস্থাপন করেন। ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস-এর এমিরিটাস অধ্যাপক ড. রফিকুল ইসলামের সভাপতিত্বে প্রথম পর্বে আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শিশির ভট্টাচার্য্য "বাংলাদেশের ভাষা পরিস্থিতি", ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শাখাওয়াৎ আনসারী "বাংলাদেশে জাতীয় ভাষানীতির প্রয়োজনীয়তা" এবং নেপালের ত্রিভূবন বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক ড. যোগেন্দ্র পি. ইয়াদব "নেপালের ভাষা পরিস্থিতি" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের অনারারি অধ্যাপক ড. আবুল কালাম মনজুর মোরশেদ-এর সভাপতিত্বে দ্বিতীয় পর্বে বিশিষ্ট তথ্য ও প্রযুক্তি বিশেষজ্ঞ মুনীর হাসান "বাংলা ভাষা ও প্রযুক্তি" এবং নেপালের ত্রিভূবন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ধনরাজ রিগমি "নেপালের সমাজ ভাষাতাত্ত্বিক জরিপের অভিজ্ঞতা" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন। দেশের বিশিষ্ট ভাষাবিজ্ঞানীগণ প্রবন্ধের ওপর মুক্ত আলোচনায় অংশ নেন।

ঢাবি-এ আন্তর্জাতিক ফিজিক্স সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ ফিজিক্যাল সোসাইটির উদ্যোগে 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন ফিজিক্স- ২০১৮' গত ৮ মার্চ ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। তিন দিনব্যাপী এই সম্মেলনের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। সম্মেলনের প্রতিপাদ্য ছিল 'ফিজিক্স ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট'।

বাংলাদেশ ফিজিক্যাল সোসাইটির সভাপতি বিশিষ্ট পদার্থ বিজ্ঞানী অধ্যাপক ড. অজয় কুমার রায়-এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন 'বাংলাদেশ একাডেমী অব সায়েন্স'-এর ফেলো ও সচিব অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ। এছাড়াও উপস্থিত ছিলেন সোসাইটির সহসভাপতি অধ্যাপক ড. আবু হাসান ভূঁইয়া ও অধ্যাপক ড. গোলাম মো. ভূঁইয়া, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. ইসতিয়াক এম সৈয়দ প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান স্বাধীনতার মাসে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের ফলে এই মাসটি আরও তাৎপর্যপূর্ণ হয়েছে। তিনি বলেন, পদার্থ বিজ্ঞানে আরও বেশি গবেষণা হওয়া উচিৎ যেহেতু বিজ্ঞানের ভাষা হলো পদার্থ বিজ্ঞান ও গণিত। এ সংক্রান্ত গবেষণা কার্যক্রম অব্যাহত রাখা এবং সেমিনার, সিম্পোজিয়াম ও অনুষ্ঠান আয়োজনের আহ্বান জানিয়ে উপাচার্য বলেন, এ বিষয়ে সকলকে আরও আন্তরিক হতে হবে।

উল্লেখ্য, মোকাররাম হোসেন খন্দকার বিজ্ঞান ভবনস্থ পদার্থ বিজ্ঞান বিভাগে অনুষ্ঠিত এই সম্মেলনে ২২টি সেশনে দেশ-বিদেশের গবেষকবৃন্দের মোট ৩৫০টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়।

শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের ১ম পুনর্মিলনী উৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদ সার্জেন্ট জহুরুল হক হল অ্যালামনাই এসোসিয়েশনের ১ম পুনর্মিলনী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান গত ২ মার্চ ২০১৮ হল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

পুনর্মিলনী উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এমপি। বিশেষ অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি, সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি। সভাপতিত্ব করেন শহীদ সার্জেন্ট জহুরুল হক হল অ্যালামনাই এসোসিয়েশনের আহ্বায়ক ও র‍্যাবের মহাপরিচালক বেনজীর আহমেদ।

অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবালের ওপর হামলার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে গত ৫ মার্চ ২০১৮ বিশ্ববিদ্যালয় অপরাজেয় বাংলার পাদদেশে এক মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মানববন্ধনে অংশগ্রহণ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধুর ৯৯তম জন্মদিবস উপলক্ষে ঢাবি'র কর্মসূচী

(১ম পৃষ্ঠার পর) উপাসনালয়ে দোয়া/প্রার্থনা অনুষ্ঠিত হবে এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে মিষ্টি বিতরণ করা হবে।

এছাড়া, সন্ধ্যা ৬:৩০টায় সংগীত বিভাগের উদ্যোগে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

চিত্রাঙ্কণ প্রতিযোগিতা

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিবস এবং জাতীয় শিশু দিবস-২০১৮ উদ্‌যাপন উপলক্ষে আগামী ১৭ মার্চ ২০১৮ সকাল ১০:০০টা থেকে দুপুর ১২:০০টা পর্যন্ত চারুকলা অনুষদের আয়োজনে ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় অনুষ্ঠিত হবে চিত্রাঙ্কণ প্রতিযোগিতা। এতে ঢাকা ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল ও কলেজ, উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, নীলক্ষেত উচ্চ বিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয় আবাসিক এলাকাসমূহের শিশুরা অংশগ্রহণ করতে পারবে। মোট তিনটি গ্রুপে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে: গ্রুপ-ক প্লে-গ্রুপ থেকে ৩য় শ্রেণি পর্যন্ত, গ্রুপ-খ ৪র্থ শ্রেণি থেকে ৭ম শ্রেণি পর্যন্ত এবং গ্রুপ-গ ৮ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত। প্রতিযোগীদের বয়স বা শ্রেণি যাচাইয়ের জন্য স্কুলের পরিচয়পত্র ও একটি সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে। কর্তৃপক্ষ ছবি আঁকার কাগজ সরবরাহ করবে; অন্যান্য উপকরণ নিজেদের নিয়ে আসতে হবে। চিত্রাঙ্কণ প্রতিযোগিতায় প্রত্যেক গ্রুপে শ্রেষ্ঠ ১০টি হিসেবে মোট ৩০টি পুরস্কার প্রদান করা হবে।

যে জাতি নিজের ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল নয়, সে জাতি সভ্য জাতি নয়-উপাচার্য

(১ম পৃষ্ঠার পর) শেখ মুজিবুর রহমান। নানা কারণে মার্চ মাস অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এই মাসটি আরও তাৎপর্যপূর্ণ হয়েছে ৭ই মার্চের ভাষণের জন্য। ১৯৭১-এর পতাকা উত্তোলনের সেই দিনটিতে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র সমাজের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করে উপাচার্য বলেন, সেদিন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংগ্রামী ছাত্র সমাজের উদ্যোগে কলাভবন প্রাঙ্গণে বাংলাদেশের মানচিত্র খচিত পতাকা প্রথম উত্তোলন করা হয়। পতাকা উত্তোলনে নেতৃত্ব দিয়েছিলেন তৎকালীন ডাকসু, হল ও সংগ্রামী ছাত্র সমাজের নেতৃবৃন্দ। তৎকালীন ইকবাল হল (বর্তমান শহীদ সার্জেন্ট জহুরুল হক)-এর ছাত্ররা সেসময় বিশেষ ভূমিকা পালন করেন। ২রা মার্চের গুরুত্ব বিবেচনা করে এর ইতিহাস সংরক্ষণে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে। উপাচার্য নতুন প্রজন্মকে ইতিহাস ও ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, যে জাতি নিজের ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাশীল নয়, সে জাতি সভ্য জাতি নয়।

আলোচনা পর্ব শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। সংগীত বিভাগের আয়োজনে বিভাগের শিক্ষার্থীরা পরিবেশন করে দেশের গান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৪ ফেব্রুয়ারি ২০১৮ কার্জন হল চত্বরে উদ্ভিদবিজ্ঞান বিভাগ অ্যালামনাই এসোসিয়েশনের তৃতীয় পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. কাজী আবদুল ফাত্তাহ্ সভাপতিত্ব করেন। এতে বিশেষ অতিথি ছিলেন ঢাবি অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ. কে. আজাদ এবং হামদর্দ বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি ড. হাকীম রফিকুল ইসলাম।

বিশিষ্ট গবেষক ড. পারভীন ববী রচিত "শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাসে নর-নারী সম্পর্ক" শীর্ষক গবেষণা গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠান গত ২৩ ফেব্রুয়ারি ২০১৮ সোহ্‌রাওয়ার্দী উদ্যানস্থ মোড়ক উন্মোচন মঞ্চে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গ্রন্থের মোড়ক উন্মোচন করেন। এসময় রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক সৈয়দা তাহমিনা আখতারসহ বরেণ্য শিক্ষাবিদগণ উপস্থিত ছিলেন।

বিভিন্ন হল ও বিভাগের অ্যালামনাই এসোসিয়েশনের পুনর্মিলনী উৎসব

বাংলা বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা অ্যালামনাই'র উদ্যোগে 'শতবর্ষের পথে বাংলা বিভাগ' প্রতিপাদ্যকে সামনে রেখে উৎসবমুখর ও আনন্দঘন পরিবেশে প্রাক্তন ছাত্র-ছাত্রীদের পুনর্মিলনী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান গত ৬ জানুয়ারি ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে এই পুনর্মিলনীর উদ্বোধন করেন। সহস্রাধিক প্রাক্তন ছাত্র-ছাত্রীর অংশগ্রহণে এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী। অনুষ্ঠান সঞ্চালনা করেন অধ্যাপক ড. সৈয়দ মোহাম্মদ শাহেদ।

অনুষ্ঠানে বাংলা বিভাগের ৬০ দশকের (১৯৬০-৬২ শিক্ষাবর্ষ) প্রাক্তন ছাত্র-ছাত্রীদের সম্মাননা প্রদান করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান তাদেরকে সম্মাননা ক্রেস্ট ও ফুলেল শুভেচ্ছা প্রদান করেন। সংবর্ধনাপ্রাপ্তদের মধ্যে উপস্থিত ছিলেন ড. গোলাম মুর্শেদ, আবদুল হাদি, আসমা আব্বাসী, রাহাত খান, আব্দুল্লাহ আবু সাঈদ প্রমুখ। তাঁরা তাঁদের অভিব্যক্তি ব্যক্ত করেন।

কবি জসীম উদ্‌দীন হল অ্যালামনাই এসোসিয়েশনের ১ম পুনর্মিলনী অনুষ্ঠান গত ১০ ফেব্রুয়ারি ২০১৮ বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী। এতে সম্মানিত অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। পরে অ্যালামনাই এসোসিয়েশনের পক্ষ থেকে উপাচার্যের নেতৃত্বে এক বর্ণাঢ্য র‍্যালি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

দর্শন বিভাগ

"সৌহার্দ্য ও স্মৃতির বন্ধনে আবদ্ধ আমরা, এসো মিলি প্রাণের আনন্দে" প্রতিপাদ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগ অ্যালামনাই অ্যাসোসিয়েশনের (ডুপডা)-এর দশম পুনর্মিলনী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান গত ৫ জানুয়ারি ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। পুনর্মিলনীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। দর্শন বিভাগের চেয়ারম্যান ও ডুপডার সভাপতি অধ্যাপক ড. মো. সাজাহান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী এবং বিশেষ অতিথি ছিলেন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি এ কে আজাদ।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন অধ্যাপক আমিনুল ইসলাম, ডুপডার সাধারণ সম্পাদক আবদুস সাত্তার মিয়াজী, পুনর্মিলনী উদ্‌যাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. এ কে এম হারুনার রশিদ প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে 'প্রাণপ্রবাহ' শীর্ষক স্মরণিকা'র মোড়ক উন্মোচন করা হয়। এছাড়া, ছয়জন জ্যেষ্ঠ অ্যালামনাইকে সম্মাননা প্রদান করা হয়। সম্মাননাপ্রাপ্তরা হলেন- জ্যোতিন্দ্র লাল ত্রিপুরা, অধ্যাপক গালিব আহসান খান, অধ্যাপক লতিফা বেগম, অধ্যাপক রাশেদা আক্তার খানম, অধ্যাপক ফেরদৌসি বেগম ও অধ্যাপক মাহবুবুর হরমান।

পরিসংখ্যান বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগ অ্যালামনাই এসোসিয়েশন (ডুসডা)-এর ৫ম পুনর্মিলনী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান গত ২ ফেব্রুয়ারি ২০১৮ কাজী মোতাহার হোসেন ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুনর্মিলনীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। স্বাগত বক্তব্য প্রদান করেন (ডুসডা)-এর এক্সিকিউটিভ কমিটির চেয়ারম্যান অধ্যাপক ড. সৈয়দ শাহাদৎ হোসেন এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান ও (ডুসডা)-এ সেক্রেটারি জেনারেল অধ্যাপক মো. লুৎফর রহমান। এতে সভাপতিত্ব করেন (ডুসডা)-এর ট্রাস্টি বোর্ডের প্রেসিডেন্ট ড. আহমেদ মোশতাক রাজা চৌধুরী।

ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ

ফলিত রসায়ন ও কেমিকৌশল অ্যালামনাই এসোসিয়েশন-এর ৪র্থ এজিএম ও পুনর্মিলনী উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান গত ২ ফেব্রুয়ারি ২০১৮ কার্জন হল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুনর্মিলনীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এতে সভাপতিত্ব করেন ফলিত রসায়ন ও কেমিকৌশল অ্যালামনাই এসোসিয়েশনের আহ্বায়ক অধ্যাপক ড. আহমদ ইসমাইল মোস্তফা।

প্রাণিবিদ্যা বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের দ্বিতীয় পুনর্মিলনী ও বার্ষিক সাধারণ সভা-২০১৮ গত ২৭ জানুয়ারি ২০১৮ কার্জন হল লনে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বেলুন উড়িয়ে এই পুনর্মিলনী ও বার্ষিক সাধারণ সভার উদ্বোধন করেন। এ সময় বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সদস্য মো: শাহজাহান আলী মোল্লা, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: ইমদাদুল হক, প্রাণিবিদ্যা অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি সেলিমা খাতুন, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো: ছগীর আহমেদ, প্রাণিবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলামসহ বিভাগীয় শিক্ষক ও প্রাক্তন শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

সমাজবিজ্ঞান বিভাগ

ঢাকা ইউনিভার্সিটি সোসিওলজি অ্যালামনাই এসোসিয়েশনের পুনর্মিলনী অনুষ্ঠান গত ৩ মার্চ ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্রে অনুষ্ঠিত হয়। সকালে বেলুন উড়িয়ে দিনব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর সাবেক মুখ্য সচিব ও সোসিওলজি অ্যালামনাইয়ের সভাপতি ড. কামাল আবদুল নাসের চৌধুরী। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উপস্থিত ছিলেন।

বেগম ফজিলাতুন্নেসার মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী জনাব ওবায়দুল কাদেরের মা বেগম ফজিলাতুন্নেসা-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ২৭ ফেব্রুয়ারি ২০১৮ এক শোকবাণীতে উপাচার্য বলেন, বেগম ফজিলাতুন্নেসা ছিলেন একজন রত্নগর্ভা মহীয়সী নারী। তাঁর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের আমরা সকলে গভীরভাবে শোকাহত।

উপাচার্য মরহুমার রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, বেগম ফজিলাতুন্নেসা গত ২৬ ফেব্রুয়ারি ২০১৮ রাজধানীর এক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৯২ বছর। মৃত্যুকালে তিনি চার ছেলে, ছয় মেয়ে, আত্মীয়স্বজন ও শুভাকাঙ্ক্ষীসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

ফেরদৌসী প্রিয়ভাষিণী -এর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

প্রখ্যাত ভাস্কর-মুক্তিযোদ্ধা ফেরদৌসী প্রিয়ভাষিণী-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ৬ মার্চ ২০১৮ এক শোকবাণীতে উপাচার্য বলেন, ফেরদৌসী প্রিয়ভাষিণী বাংলাদেশের একজন প্রখ্যাত ভাস্কর ছিলেন। শিল্পচর্চায় তিনি নতুন ধারার সন্ধান দেন। ভাস্কর্য শিল্পে তার কাঠের কাজ খুবই দৃষ্টিগ্রাহ্য। তাঁর মৃত্যুতে দেশ একজন সৃষ্টিশীল মানুষকে হারালো। সর্বোপরি তিনি একজন বীর মুক্তিযোদ্ধা। দেশমাতৃকার প্রতি তাঁর ত্যাগ জাতি চিরদিন স্মরণ রাখবে। ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের আমরা সকলে গভীরভাবে শোকাহত।

উপাচার্য বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, ফেরদৌসী প্রিয়ভাষিণী গত ৬ মার্চ ২০১৮ রাজধানীর এক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭১ বছর। মৃত্যুকালে তিনি তিন ছেলে, তিন মেয়ে, আত্মীয়স্বজন ও শুভাকাঙ্ক্ষীসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

ঢাবি সোশ্যাল ওয়েলফেয়ার অ্যালামনাই এসোসিয়েশনের পুনর্মিলনী ও বার্ষিক সাধারণ সভা-২০১৮ গত ২৩ ফেব্রুয়ারি ২০১৮ সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এই অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসোসিয়েশনের সভাপতি মো. নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী এবং সমাজকল্যাণ ও গবেষণ ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. তানিয়া রহমান।

ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হল অ্যালামনাই এসোসিয়েশনের 'পুনর্মিলনী-২০১৮' গত ২ মার্চ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

নেপালের মিড-ওয়েস্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য

নেপালের মিড-ওয়েস্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. উপেন্দ্র কুমার কৈরালা গত ২৮ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ আইনুল ইসলাম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং নেপালের মিড-ওয়েস্টার্ন ইউনিভার্সিটির মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এ বিষয়ে শিগ্‌গিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্যে পৌঁছেন।

ওয়ার্ল্ড সায়েন্স কংগ্রেস চেয়ারম্যান

ভারতের ওয়ার্ল্ড সায়েন্স কংগ্রেস-এর চেয়ারম্যান অধ্যাপক কর্ণেল ড. রনজিৎ সেন গত ৪ মার্চ ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। শান্তিনিকেতন ট্রাস্টের মহাসচিব অনিল কুমার কুনার এবং তরঙ্গ অব ক্যালিফোর্নিয়ার প্রধান সমন্বয়কারী মুহাম্মদ আরিফ ইকবাল এসময় তার সঙ্গে ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের সহকারী অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বৈঠককালে তারা দু'দেশের সাংস্কৃতিক কর্মকাণ্ড আরও গতিশীল করার লক্ষ্যে 'ঢাকা-কলকাতা মৈত্রী সমিতি' নামে নতুন একটি সমিতি গঠনের সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের ওয়ার্ল্ড সায়েন্স কংগ্রেস-এর যৌথ উদ্যোগে চলতি বছর ঢাকায় আন্তর্জাতিক বিজ্ঞান সম্মেলন আয়োজনের ব্যাপারেও বৈঠকে আলোচনা করা হয়।

রাশিয়া প্রতিনিধি

রাশিয়ার সিনারজি ইউনিভার্সিটির আঞ্চলিক পরিচালক ওলেগ জিরিয়ানোভ গত ৭ মার্চ ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, ইংরেজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজল কৃষ্ণ ব্যানার্জী এবং তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. শরিফুল ইসলাম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাশিয়ার সিনারজি ইউনিভার্সিটির মধ্যে ব্যবসায় শিক্ষা বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও শিক্ষার্থী বিনিময় নিয়েও বৈঠকে আলোচনা করা হয়। এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্য প্রকাশ করেন।

নেপালের মিড-ওয়েস্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. উপেন্দ্র কুমার কৈরালা গত ২৮ ফেব্রুয়ারি ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

ভারতের ওয়ার্ল্ড সায়েন্স কংগ্রেস-এর চেয়ারম্যান অধ্যাপক কর্ণেল ড. রনজিৎ সেন গত ৪ মার্চ ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

রাশিয়ার সিনারজি ইউনিভার্সিটির আঞ্চলিক পরিচালক ওলেগ জিরিয়ানোভ গত ৭ মার্চ ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

৩১তম মোকাররম হোসেন খোন্দকার স্মারক বক্তৃতা

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান 'ভালো মানুষ গড়তে ভালো পৃথিবী দরকার' উল্লেখ করে বলেছেন, আমাদের পৃথিবীকে দূষণমুক্ত রাখতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। গত ২৮ ফেব্রুয়ারি ২০১৮ মোকাররম হোসেন খোন্দকার বিজ্ঞান ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগ আয়োজিত '৩১তম মোকাররম হোসেন খোন্দকার স্মারক বক্তৃতা' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আজিজুর রহমানের সভাপতিত্বে "Fate of Persistent Organic Pollutants (POPs) in Asia and Nexus" শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন চাইনিজ একাডেমী অব সায়েন্সেস এর গুয়াংঝো ইনস্টিটিউট অব জিওকেমিস্ট্রির ডেপুটি ডিরেক্টর জেনারেল অধ্যাপক ড. গন ঝ্যাং (Gan Zhang)। ধন্যবাদ জ্ঞাপন করেন রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. আবদুস সালাম। এসময় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আব্দুল আজিজ সহ বিভাগীয় শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পরিবেশ দূষণকে মানব-জীবনের জন্য হুমকী হিসেবে বর্ণনা করে বলেন, পরিবেশ রক্ষা এখন বিশ্বের অন্যতম বড় চ্যালেঞ্জ। পরিবেশ দূষণের জন্য বিশ্বের বিভিন্ন উন্নত দেশ দায়ী। অথচ ভুক্তভোগী হচ্ছে বাংলাদেশের মত উন্নয়নশীল দেশগুলো। পরিবেশ দূষণ রোধে বিভিন্ন দেশের গবেষকদের সমন্বয়ে যৌথ গবেষণা কার্যক্রম পরিচালনার ওপর তিনি গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, ড. মোকাররম হোসেন খোন্দকার ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের অধ্যাপক ছিলেন। তিনি ১৯২২ সালের ১মার্চ ফরিদপুরে জন্মগ্রহণ করেন এবং ১৯৭২ সালের ৩০ নভেম্বর ইন্তেকাল করেন। রসায়ন শিক্ষা ও গবেষণায় অনন্য অবদানের জন্য তিনি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন সম্মাননা লাভ করেন।

২৭জন গবেষকের পিএইচ.ডি. এবং ১৯জনের এম.ফিল. ডিগ্রী লাভ

গত ৩০ জানুয়ারি ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের সভায় ২৭জন গবেষককে পিএইচ.ডি. এবং ১৯জন গবেষককে এম.ফিল. ডিগ্রী প্রদান করা হয়েছে।

পিএইচ.ডি. ডিগ্রীপ্রাপ্তরা হলেন- মোহাম্মদ নজরুল ইসলাম ও তারানা নুপুর (বাংলা বিভাগ); চন্দনা রাণী বিশ্বাস (সংস্কৃত বিভাগ); মোছাঃ জীবন নিছা ও শেখ মোহাম্মদ মাহদী হাসান (ইসলামিক স্টাডিজ বিভাগ); মোঃ আবুল কালাম আজাদ (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ); মোঃ শফিকুল ইসলাম (বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগ); মোহাম্মদ শহীদ হাসান, আব্দুল বারেক এবং মোহাম্মদ মাহবুবুর রহমান (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ); মমতাজ জাহান (লোক প্রশাসন বিভাগ); ইকরাম নেওয়াজ ফরাজী (নৃবিজ্ঞান বিভাগ); সৈয়দা নাসরিন (আইন বিভাগ); গুলশান আরা (রসায়ন বিভাগ); আব্দুল্লাহ-আল-আমিন ও মোহাম্মদ আবদুল কাদির (বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগ); ফারহানা মুজনেবীন ও গোলাম মাওলা (প্রাণিবিদ্যা বিভাগ); এ.টি.এম. মোস্তফা কামাল (মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ); সাবরিনা মরিয়ম ইলিয়াস (প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ); মোঃ খুরশীদ আলম হায়দার (অণুজীব বিজ্ঞান বিভাগ); সেলিনা শারমিন, ফারনাজ নওরীন নূর, মোঃ মাজহারুল হক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ); ডেইজী নিলুফার শারমিন (ম্যানেজমেন্ট বিভাগ); রোবাকা শামশের (মার্কেটিং বিভাগ); শাহানা নাসরীন (সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট)।

এম.ফিল. ডিগ্রীপ্রাপ্তরা হলেন- তাসলিমা নাসরিন ও সুশান্ত কুমার সরকার (বাংলা বিভাগ); মুহাম্মদ শাহাদাত হোসাইন (আরবী বিভাগ); মোহাম্মদ মুর্তুজা, মোস্তফা মাসুম সিদ্দিকী, এহসানুল হক, এম.এম. রফিকুল ইসলাম ও সালেহ আহমদ মিঞা (ইসলামিক স্টাডিজ বিভাগ); মুহাম্মদ বেলাল হোসাইন (ফারসি ভাষা ও সাহিত্য বিভাগ); এ.কে.এম. সাদিকা জাহান সাথী(তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ); নাসিমা বেগম (ভাষাবিজ্ঞান বিভাগ); তিলোত্তমা সেন (সংগীত বিভাগ); মোছাঃ গুলশান আরা বেগম ও বিজন হালদার (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ); মোছাঃ মাহফুজা খাতুন (সমাজ বিজ্ঞান বিভাগ); মাহমুদা খাতুন (ম্যানেজমেন্ট বিভাগ); রাজীব আহমেদ ফয়সাল ও মোঃ সাঈদুর রহমান (শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট) এবং মোছাঃ শারমীন হোসাইন (পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট)।

অণুজীব বিজ্ঞান বিষয়ক বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় অণুজীব বিজ্ঞান বিভাগের উদ্যোগে এবং বাংলাদেশ সোসাইটি অব মাইক্রোবায়োলজিস্ট (বিএসএম)-এর সহযোগিতায় অণুজীব বিজ্ঞান ভিত্তিক এক বার্ষিক সম্মেলন গত ১০ মার্চ ২০১৮ বিভাগীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এই সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। সম্মেলনের প্রতিপাদ্য বিষয় হলো "Challenges and Innovations in Controlling Microbiological Hazards"।

আয়োজক কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের জীববিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. মিহির লাল সাহা। সম্মেলনে মূল বক্তব্য উপস্থাপন করেন আইসিডিডিআরবি'র সহযোগী বিজ্ঞানী ড. আমিনুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বর্তমান সময়ের পরিপ্রেক্ষিতে অণুজীব বিজ্ঞান বিষয়ে শিক্ষা ও গবেষণার তাৎপর্য তুলে ধরে সংশ্লিষ্ট গবেষকদের প্রতি নতুন নতুন গবেষণার আহ্বান জানান। তিনি বিশ্ববিদ্যালয়গুলোর সাথে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের সম্পর্ক উন্নয়ন ও যৌথ গবেষণার ওপর গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, সারাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং গবেষণা প্রতিষ্ঠানের আড়াই শতাধিক শিক্ষক ও গবেষক দিনব্যাপী এই সম্মেলনে অংশগ্রহণ করেন এবং অণুজীব বিজ্ঞান বিষয়ক আলোচনায় নিজেদের মতামত ব্যক্ত করেন।

উদয়ন বিদ্যালয়ের 'Book Reading Competition'-এ বিজয়ী শিক্ষার্থীদের ঢাবি উপাচার্যের সাথে সাক্ষাৎ

বৃটিশ কাউন্সিল প্রকল্পের আওতাধীন 'Book Reading Competition-2017'-এ উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা বিজয় লাভ করেছে। বিজয়ী শিক্ষার্থীদল গত ৬ মার্চ ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর দফতরে সাক্ষাৎ করে।

এসময় উদয়ন স্কুল এন্ড কলেজের অধ্যক্ষা ড. উম্মে সালেমা বেগম, প্রতিযোগিতার সমন্বয়কারী ও বিদ্যালয়ের শিক্ষিকা খন্দকার নাসরিন রহমানসহ খাদিজা জাহান মুক্তা, রাজিয়া সুলতানা প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় ৪০০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। শিক্ষার্থীরা সকলে মেধা অনুযায়ী সার্টিফিকেট, বই এবং বৃটিশ কাউন্সিলের সদস্য কার্ড পেয়েছে। তন্মধ্যে সবচেয়ে ভালো করেছে সপ্তম শ্রেণির শিক্ষার্থী সাবিকুন নাহার মাহি। সে সার্টিফিকেট, ক্রেস্ট এবং একটি ট্যাব লাভ করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় স্যার পি জে হার্টগ ইন্টারন্যাশনাল হলের বার্ষিক ইনডোর গেমস টুর্নামেন্ট-এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান গত ৯ মার্চ ২০১৮ হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকাস্থ নেপালের রাষ্ট্রদূত অধ্যাপক ড. চপ লাল ভুসাল । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হল প্রভোস্ট ড. মো. মহিউদ্দিন।

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে গত ৭ মার্চ ২০১৮ দিবাগত রাত ১২:০১ মিনিটে কেন্দ্রীয় শহীদ মিনারে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং আমরাই পারি পারিবারিক নির্যাতন প্রতিরোধ জোটের যৌথ উদ্যোগে মোমবাতি প্রজ্জ্বলন ও শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উপস্থিত থেকে মোমবাতি প্রজ্জ্বলন করেন। এসময় উপস্থিত ছিলেন শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি, মানবাধিকার কর্মী সুলতানা কামালসহ প্রমুখ।

পাঁচ শিক্ষার্থীর নুজহাত জাহাঙ্গীর মেমোরিয়াল বৃত্তি লাভ

২০১৬ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ৫জন মেধাবী শিক্ষার্থীকে 'নুজহাত জাহাঙ্গীর মোমোরিয়াল বৃত্তি' প্রদান করা হয়েছে। বৃত্তিপ্রাপ্তরা হলেন- মাহির এ রহমান ও তাহিয়া আনান ধীরা (অর্থনীতি), ইশরা ফারুকী (সমাজ বিজ্ঞান) এবং নুশরাত জাহান ও উম্মে ফারিহা (নৃবিজ্ঞান)। গত ৮ মার্চ ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শফিক উজ জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. নেহাল করিম ও ট্রাস্টি বোর্ডের সদস্য অধ্যাপক ড. নাদিম জাহাঙ্গীর বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন অধ্যাপক ড. মুনতাসীর মামুন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানান। তিনি বলেন, শান্তিপূর্ণ দেশ গড়তে শিক্ষার্থীদের মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ হতে হবে। তিনি দাতা পরিবারের সদস্যদের ধন্যবাদ জানান।

ঢাবি জালালাবাদ ছাত্রকল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ৬১জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় জালালাবাদ ছাত্রকল্যাণ ফাউন্ডেশন কর্তৃক গত ৯মার্চ ২০১৮ রমেশ চন্দ্র মজুমদার মিলনায়তনে এক বৃত্তি প্রদান অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৬১জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়।

ফাউন্ডেশনের সভাপতি অধ্যাপক ভীষ্মদেব চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট অর্থনীতিবিদ এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্ণর ড. ফরাসউদ্দিন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক জালালুর রহমান, অবসরপ্রাপ্ত অধ্যাপক আলতাফ হোসেন, সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক আজিজুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় জনসংযোগ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) ড. সেলুবাসিত। অনুষ্ঠান সঞ্চালনা করেন ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের অধ্যাপক ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ড. আশফাক হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে ড. ফরাসউদ্দিন এই মার্চ মাসে বাঙালীর মুক্তিযুদ্ধের কথা স্মরণ করে এর প্রেক্ষাপট বর্ণনা করেন। স্মৃতিচারণ করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সচিব হিসেবে তাঁর অন্তরঙ্গ অভিজ্ঞতার কথা। বৃহত্তর সিলেট অঞ্চলের শিক্ষার অতীত ঐতিহ্য ও মেধা বিকাশের তুলনায় বর্তমানে পিছিয়ে পড়া নিয়ে তিনি উদ্বেগ প্রকাশ করেন। শিক্ষার্থীদের উদ্দেশ্যে আন্তরিকভাবে নিজেদের মেধা বিকাশের চর্চা অব্যাহত রাখার আহ্বান জানান। তিনি বলেন, বাংলাদেশের মূল ধারার সঙ্গে সম্পৃক্ত থেকে এদেশের উন্নয়ন-অগ্রগতিতে অবদান রাখতে ও অংশগ্রহণ করতে হলে শিক্ষার্থীদের নিজেদেরকে ভবিষ্যতের জন্য প্রস্তুত করতে হবে।

পরিশেষে প্রধান অতিথিসহ উপস্থিত অতিথিরা শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাবি সোনালী ব্যাংক কর্পোরেট শাখায় ট্রেজারী চালান জমা কার্যক্রমের উদ্বোধন

সরকারের রাজস্ব আদায় কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে গত ১ মার্চ ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সোনালী ব্যাংক কর্পোরেট শাখায় ট্রেজারী চালান কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ট্রেজারী চালান কার্যক্রমের উদ্বোধন করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, সোনালী ব্যাংক ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস কর্পোরেট শাখার ডেপুটি জেনারেল ম্যানেজার মো. নুরুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে নারীর প্রতি সহিংসতা কোনভাবেই সহ্য করা হবে না-উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ৮ মার্চ ২০১৮ বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষে সামাজিক বিজ্ঞান অনুষদ ও উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের যৌথ উদ্যোগে সামাজিক বিজ্ঞান অনুষদের অবসরগ্রহণকারী ৮জন নারী শিক্ষককে সম্মাননা প্রদান করা হয়। সামাজিক বিজ্ঞান অনুষদ ভবনস্থ মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তাঁদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন। বিশেষ অতিথি ছিলেন প্রিপ ট্রাস্টের নির্বাহী পরিচালক আরমা দত্ত এবং বিশিষ্ট মানবাধিকার কর্মী ও 'নিজেরা করি'র পরিচালক খুশী কবির। অনুষ্ঠানে 'ইকোনমিক এমপাওয়ারমেন্ট উইমেন: দি মোমেন্ট অব ট্রুথ' শিরোনমে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. নাজনীন আহমেদ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, নারীর ক্ষমতায়ন ও অধিকার আদায়ের জন্য এমন একটি বিশেষ দিন যদি দরকার না হতো তাহলে ভালো হতো। নারীরা আজ আর পিছিয়ে নেই, তাদের মধ্যে অনেকেই আজ 'চেঞ্জ মেকার'। সমাজের বিভিন্ন স্তরে তা পরিলক্ষিত হচ্ছে, বিশেষত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন মেধাবৃত্তি প্রদানের সময় তা লক্ষ্য করা যায়। উপাচার্য আরও বলেন, আমি দৃঢ়ভাবে বলতে চাই ঢাকা বিশ্ববিদ্যালয়ে নারীর প্রতি সহিংসতা কোনভাবেই সহ্য করা হবে না, এ ব্যাপারে 'জিরো টলারেন্স'এ বিশ্ববিদ্যালয়ের অবস্থান। তিনি আয়োজকদের ধন্যবাদ জানিয়ে বলেন, 'নারী শিক্ষকদের সম্মাননা প্রদান করে নিজেরা সম্মানিত হলাম এবং সমাজে একটি দৃষ্টান্ত স্থাপন হলো যা ভবিষ্যতে সকলকে এ ধরণের কাজে অনুপ্রাণিত করবে'।

সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান ড. তানিয়া হক। সম্মাননা প্রাপ্ত নারীরা হলেন, ইমিরিটাস অধ্যাপক ড. নাজমা চৌধুরী, অধ্যাপক শওকত আরা হোসেন, অধ্যাপক ড. মাহমুদা ইসলাম, অধ্যাপক ইশরাত শারমিন, অধ্যাপক ফেরদৌসি হান্নান, অধ্যাপক মাসুদা এম রশিদ চৌধুরী, অধ্যাপক ড. জারিন রহমান খান এবং অধ্যাপক ড. নাজমুন্নেসা মাহতাব।

সেরাজেম বৃত্তি পেল ১২ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় লোক প্রশাসন বিভাগের ১২জন মেধাবী শিক্ষার্থী পেয়েছেন সেরাজেম বৃত্তি-২০১৮। গত ৫ মার্চ ২০১৮ কলাভবনে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে এই বৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আখতার হোসেন। এসময় সেরাজেম বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক কেওন কি সুন উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো.আখতারুজ্জামানের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন এবং এক ফটোসেশনে মিলিত হন। উপাচার্য বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানান এবং তাদের লেখাপড়ার প্রতি আরও মনোযোগী হতে পরামর্শ প্রদান করেন।

উপাচার্যের সাথে সাক্ষাৎকালে সেরাজেম বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও লোক প্রশাসন বিভাগের চেয়ারম্যানসহ বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন - শাকিল হোসেন, আবদুর রহমান, হানিফ আহমেদ, ফয়সাল হোসেন, রাজ্জাক হাওলাদার, জহিরুল ইসলাম, রাবিয়া আক্তার, জয়দেব রায়, সানোয়ার হোসেন, মাজাহার আলী, মোস্তফা ফেরদৌস হাসান ও মোহাম্মদ আজিজুল ইসলাম।

ফরিদ-শিরিন ট্রাস্ট বৃত্তি পেল ৩ শিক্ষার্থী

লেখাপড়ায় সন্তোষজনক অগ্রগতির জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের ৩জন মেধাবী শিক্ষার্থী "ফরিদ-শিরিন ট্রাস্ট ফান্ড বৃত্তি" লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন সুমন মিঞা (ইসলামিক স্টাডিজ), ফারজানা আক্তার (ইতিহাস) এবং সুরাইয়া আহম্মেদ শরীফা (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি)। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১ মার্চ ২০১৮ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, সংগীত বিভাগের চেয়ারপার্সন ড. মহসিনা আক্তার খানম, ট্রাস্ট ফান্ডের দাতা মো: ফরিদ মিঞা ও শিরিন ফরিদ বক্তব্য রাখেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সুনাগরিক হিসাবে গড়ে ওঠার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি দাতা পরিবারের সদস্যদের ধন্যবাদ দেন এবং বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানান।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫